

ঢাকা : বৃহস্পতিবার ৪ মাঘ ১৪১৪
Thursday 17 January 2008

কারাগারকে সংশোধনাগারে পরিণত করতে হবে

.....আহছানিয়া মিশন
ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা আহছানিয়া
মিশন, ইউএনওডিসি রসা ও মাদক নিয়ন্ত্রণ
অধিদপ্তরের যৌথ উদ্যোগে এইচআইভি ও মাদক
ঝুঁকি হ্রাসে আয়োজিত কর্মশালায় বলা হয়,
কারাগারকে সংশোধনাগারে পরিণত করতে হবে।
নির্ধারিত সাজাভোগের পর পারিবারিক জীবনে
ফিরে এসে তারা দায়িত্বশীল নাগরিক হিসেবে
সমাজে গ্রহণযোগ্যতা অর্জন করতে পারে এর জন্য
কারাভ্যন্তরে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা চালু করতে
হবে। সোমবার ইস্কাটনের বিয়াম মিলনায়তনে
আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল
আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান
অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব
ডঃ শেখ আবদুর রশিদ। বিশেষ অতিথি ছিলেন
ইউএনও ডিসির কনসালটেন্ট কারাগার বিশেষজ্ঞ
ডঃ জয়দেব সারঙ্গী ও উপদেষ্টা ডঃ মোজাম্মেল
হক। স্বাগত বক্তব্য রাখেন মিশনের পরিচালক
সফিকুল ইসলাম। চারদিনব্যাপী অনুষ্ঠিতব্য এই
কর্মশালায় মাদক ও অপরাধ নিয়ন্ত্রণকারী সংশ্লিষ্ট
২২ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।